# এনফোর্সমেন্ট বুলেটিন

(মার্চ, ২০২৪)



পরিবেশ অধিদপ্তর

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

**নির্দেশনায়**
ড. আবদুল হামিদ
মহাপরিচালক

**তত্ত্বাবধানে**
কাজী আবু তাহের
অতিরিক্ত মহাপরিচালক

**সম্পাদনায়**
মোহাম্মদ মাসুদ হাসান পাটোয়ারী
পরিচালক (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট)

**সহযোগিতায়**
মোঃ আঃ সালাম সরকার
উপপরিচালক

সৈয়দ আহম্মদ কবীর
উপপরিচালক

ইয়াসমিন আক্তার
সহকারী পরিচালক

মোঃ রেজুওয়ান ইসলাম
সহকারী পরিচালক

**প্রকাশকাল**
এপ্রিল ২০২৪

**প্রকাশক**
মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর

পরিবেশ অধিদপ্তর, পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
ফোন: ০২-২২২২১৮৫০০, ইমেইল: dg@doe.gov.bd
ওয়েবসাইট: www.doe.gov.bd, facebook.com/doebd



পরিচালক
মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং
পরিবেশ অধিদপ্তর

# মুখবন্ধ

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়-এর অধীনে পরিবেশ অধিদপ্তর পরিবেশ সুরক্ষা তথা পরিবেশ সংরক্ষণ, দূষণ নিয়ন্ত্রণ ও দূষণ প্রতিরোধমূলক কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। পরিবেশ দূষণ নিয়ন্ত্রণের লক্ষ্যে পরিবেশ অধিদপ্তর নিয়মিতভাবে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন-১৯৯৫ (সংশোধিত-২০১০) ও এর অধীনে জারীকৃত বিভিন্ন বিধিমালাসমূহসহ বাংলাদেশ জীববৈচিত্র্য আইন, ২০১৭; বালু মহল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০; ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত-২০১৯) সহ অন্যান্য আইনের আলোকে দেশব্যাপী এনফোর্সমেন্ট অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে।

বিগত সময়ের ধারাবাহিকতায় মার্চ/২০২৪ মাসেও পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং কর্তৃক মাসিক বুলেটিন প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। মার্চ/২০২৪ মাসে অবৈধ পলিথিন, ইটভাটা, অতিরিক্ত দূষক, নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ, যানবাহনের কালো ধুঁয়া, জলাশয় ভরাট, হাসপাতাল বর্জ্য শব্দ দূষণ, স্টোন ক্রাশার ইত্যাদি ক্ষেত্রে সমগ্র বাংলাদেশে ১৫০টি মোবাইল কোর্ট পরিচালনা করে মোট ৩৭০ প্রতিষ্ঠান/ব্যক্তিকে ২,৮৬,২৫,০০০/- (দুই কোটি ছিয়াশি লক্ষ পঁচিশ হাজার) টাকা জরিমানা ধার্যসহ আদায় করা হয় এবং ৪১টি ইট ভাটার কার্যক্রম বন্ধ, আনুমানিক ১৫৬৪৮ কেজি পলিথিন জব্দ, ১৮২টি হাইড্রোলিক হর্ন জব্দ করা হয়। দেশব্যাপী পরিচালিত মোবাইল কোর্টের এ সকল তথ্যাদি অত্র বুলেটিনে সংকলন করা হয়েছে। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের নির্দেশনায় নিয়মিত পরিবেশ দূষণ বিরোধী কার্যক্রম সাম্প্রতিককালে অনেক বেগবান করা হয়েছে এবং এ সকল কার্যক্রম বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রচারিত হচ্ছে যা বিভিন্ন মহলে প্রশংসিত হচ্ছে।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সোনার বাংলা গড়ার স্বপ্নবাস্তবে রূপ দেয়ার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা যে দশটি বিশেষ উদ্যোগ হাতে নিয়েছেন তার মধ্যে অন্যতম "পরিবেশ সুরক্ষা"। পরিবেশ সুরক্ষার মহতী উদ্যোগের অংশ হিসাবে দেশব্যাপী পরিবেশ দূষণ বিরোধী অভিযান পরিচালনায় পরিবেশ অধিদপ্তরের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ, অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ, আইন শৃংখলা রক্ষাকারী বাহিনী তথা সার্বিকভাবে বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসকগণকে পরিবেশ অধিদপ্তরের পক্ষ থেকে আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপন করছি।

পরিশেষে, পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং কর্তৃক পরিবেশ দূষণ বিরোধী অভিযানের মাসিক বুলেটিন প্রকাশে সহযোগিতার জন্য পরিবেশ অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মচারিদেও আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপন করছি। একইসাথে অত্র অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সার্বিক তত্ত্বাবধান ও নির্দেশনার জন্য আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

মোহাম্মদ মাসুদ হাসান পাটোয়ারী

# সূচিপত্র


| ক্রমিক নং | বিষয় | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ১। | পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত-২০১০)-এর ৭ ধারার আওতায় মার্চ ২০২৪ মাসে এনফোর্সমেন্ট কার্যক্রম। | ৩ |
| ২। | মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মার্চ ২০২৪ মাসে মনিটরিং কার্যক্রম। | ৪ |
| ৩। | মার্চ ২০২৪ মাসের সমগ্র বাংলাদেশে পরিচালিত পরিবেশ দূষণ বিরোধী মোবাইল কোর্ট অভিযানসমূহ। | ৫-১৪ |
| ৪। | মার্চ ২০২৪ মাসে সমগ্র বাংলাদেশে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রকাশিত/প্রচারিত পরিবেশ দূষণ বিরোধী মোবাইল কোর্ট অভিযানসমূহ। | ১৫-১৯ |

## পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫-এর ৭ ধারার আওতায় মার্চ ২০২৪ মাসে এনফোর্সমেন্ট কার্যক্রম:



চিত্র: এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানি গ্রহণ



ছবি: এনফোর্সমেন্ট শাখায় শুনানীতে অংশগ্রহণকারীদেও উপস্থিতি

❖ মার্চ ২০২৪ মাসে ইটভাটা, শিল্প কারখানা, পাহাড় কর্তন, জাহাজ ভাঙ্গা, পুকুর ভরাট, হাসপাতাল ইত্যাদির বিরুদ্ধে পরিবেশ দূষণবিরোধী কার্যক্রমে মোট ১৬১ (একশত একষট্টি)টি প্রতিষ্ঠান/ব্যক্তিকে ১,৪৩,৭৬,৬৯৮/- (এক কোটি তেতাল্লিশ লক্ষ ছিয়াত্তর হাজার ছয়শত আটানব্বই) টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয় এবং ১,৭৮,৫৮,৪২৬/- (এক কোটি আটাত্তর লক্ষ আটান্ন হাজার চারশত ছাব্বিশ) টাকা ক্ষতিপূরণ আদায় করা হয়।

**বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫-এর ৭ (১) ধারা অনুযায়ী প্রতিবেশ ব্যবস্থার ক্ষতির ব্যাপাওে ব্যবস্থা গ্রহণ:** মহা-পরিচালকের নিকট যদি প্রতীয়মান হয় যে, কোন ব্যক্তির কাজ করা বা না করা প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে প্রতিবেশ ব্যবস্থা বা কোন ব্যক্তি বা গোষ্ঠির ক্ষতি সাধন করিতেছে বা করিয়াছে, তাহা হইলে তিনি উক্ত ক্ষতির পরিমান নির্ধারণ পূর্বক উহা পরিশোধ এবং যথাযথ ক্ষেত্রে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ বা উভয় প্রকার ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দিতে পারিবেন এবং উক্ত ব্যক্তি এই রুপ নির্দেশ পালনে বাধ্য থাকিবেন।

**বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫-এর ১৯ (২) ধারা অনুযায়ী ক্ষমতা অর্পণ:** মহাপরিচালক এই আইন বা বিধির অধীন তাহার যে কোন ক্ষমতা অধিদপ্তরের যে কোনো কর্মকর্তাকে অর্পণ করিতে পারিবেন।

## মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মার্চ-২০২৪ মাসে মনিটরিং কার্যক্রম:









চিত্র: মার্চ/২০২৪ মাসে বিভিন্ন শিল্প কারখানায় মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক বিভিন্ন শিল্প কারখানায় পরিদর্শন পূর্বক নমুনা সংগ্রহ

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫-এর ৬ঙ, ১৫(১) ধারা অনুযায়ী জলাধার হিসাবে চিহ্নিত জায়গা ভরাট বা অন্য কোনোভাবে শ্রেণী পরিবর্তন করার অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদন্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদন্ড বা উভয়দন্ড।

**০১ মার্চ ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের টাঙ্গাইল জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ বিক্রয় ও সরবরাহ করার দায়ে ১টি প্রতিষ্ঠান হতে ৮ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ আনুমানিক ৪৫০০ কেজি পলিথিন জব্দ করা হয়।





**০৩ মার্চ ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক ঢাকা মহানগরে মোবাইল কোর্ট পরিচালনা করে যানবাহনের কালো ধোঁয়া দ্বারা বায়ু দূষণের দায়ে ৪টি যানবাহন হতে মোট ১০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। ভোলা জেলায় মোবাইল কোর্ট পরিচালনা করে ২ টি অবৈধ ইটভাটা হতে মোট ২ লক্ষ ৫০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। পাবনা, নেত্রকোনা ও নীলফামারী জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিক্ত হর্ণ দ্বারা শব্দ দূষনের দায়ে ১৩টি যানবাহন হতে মোট ১৬ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ২১টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়। পাবনা, নেত্রকোনা ও গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ু দূষণের দায়ে ৬টি প্রতিষ্ঠান হতে মোট ১ লক্ষ ৫৩ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।






বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ক, ১৫(১) ধারা অনুযায়ী পলিথিন উৎপাদন, আমদানী, বাজারজাতকরণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদন্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদন্ড বা উভয়দন্ড।

**০৪ মার্চ ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক ঢাকা মহানগরে মোবাইল কোর্ট পরিচালনা করে যানবাহনের কালো ধোঁয়া দ্বারা বায়ু দূষণের দায়ে ৪টি যানবাহন হতে মোট ১৫ হাজার ৮ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। চট্টগ্রাম, দিনাজপুর ও কুষ্টিয়া জেলায় মোবাইল কোর্ট পরিচালনা করে ১১ টি অবৈধ ইটভাটা হতে মোট ৮ লক্ষ ২০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ১০ টি ইটভাটার কার্যক্রম বন্ধ করা হয়। চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ বিক্রয় ও সরবরাহ করার দায়ে ২টি প্রতিষ্ঠান হতে মোট ১০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ আনুমানিক ১৩০০ কেজি পলিথিন জব্দ করা হয়।






**০৫ মার্চ ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে ঢাকা জেলার ঢাকা পেডিয়াট্রিক নিওনেটাল এন্ড জেনারেল হাসপাতাল লি:কে ২ লক্ষ টাকা; গাজীপুর জেলার নর্দান ফ্যাশন লি: কে ৮ লক্ষ ৬৪ হাজার টাকা; মুন্সীগঞ্জ জেলার মারজিন খান পোল্ট্রি ফার্মকে ৫০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। ঢাকা মহানগরে মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ু দূষণের দায়ে ১টি প্রতিষ্ঠান হতে ১৫ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। চট্টগ্রাম, দিনাজপুর, টাঙ্গাইল, খুলনা, ময়মনসিংহ ও নওগাঁ জেলায় মোবাইল কোর্ট পরিচালনা করে ২৩টি অবৈধ ইটভাটা হতে মোট ৫৬ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৩টি ইটভাটার কার্যক্রম বন্ধ করা হয়। মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা ও বাগেরহাট জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ বিক্রয় ও সরবরাহ করার দায়ে ২টি প্রতিষ্ঠান হতে মোট ৫ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ আনুমানিক ৬৮৬ কেজি পলিথিন জব্দ করা হয়। ফরিদপুর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে সীসা ভাটি দ্বারা বায়ু দূষণের দায়ে ১টি কারখানা হতে ১ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ কারখানার কার্যক্রম বন্ধ করা হয়।





বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০২২ এর বিধি ১১, ১৭ অনুযায়ী অবকাঠামোগত নির্মাণসামগ্রীতে বায়ু দূষণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড

**০৬ মার্চ ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক ঢাকা মহানগরে মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ু দূষণের দায়ে ১টি প্রতিষ্ঠান হতে ৮ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। চট্টগ্রাম ও দিনাজপুর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ৪টি অবৈধ ইটভাটা হতে মোট ১০ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। জামালপুর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিক্ত হর্ণ দ্বারা শব্দ দূষনের দায়ে ৩টি যানবাহন হতে মোট ৭ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।





**০৭ মার্চ ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা ও ঝিনাইদহ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ বিক্রয় ও সরবরাহ করার দায়ে ৪টি প্রতিষ্ঠান হতে মোট ২৮ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ আনুমানিক ২৫০ কেজি পলিথিন জব্দ করা হয়। ময়মনসিংহ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ২টি অবৈধ ইটভাটা হতে মোট ৬ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ভাটাগুলোর কার্যক্রম বন্ধ করা হয়। পাবনা ও চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিক্ত হর্ণ দ্বারা শব্দ দূষনের দায়ে ৭টি যানবাহন হতে মোট ১০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ২২টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়।





শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০০৬ এর বিধি ৮(১), ১৮(২) অনুযায়ী মানমাত্রা অতিক্রম করে হর্ণ বাজানো অপরাধে অনধিক ১ (এক) মাস কারাদণ্ড বা অনধিক ৫(পাঁচ) হাজার টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড

**১০ মার্চ ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক ঢাকা মহানগরে মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ু দূষণের দায়ে ২টি প্রতিষ্ঠান হতে মোট ১৫ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। সিরাজগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ৯ টি অবৈধ ইটভাটা হতে মোট ৪৬ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৭টি ইটভাটার কার্যক্রম বন্ধ করা হয়। ঝিনাইদহ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিক্ত হর্ণ দ্বারা শব্দ দূষনের দায়ে ৫টি যানবাহন হতে মোট ১০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ১০টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়।





**১১ মার্চ ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে ঢাকা জেলার ডক্টরস ডায়াগনস্টিক কমপ্লেক্স ও জেনারেল হাসপাতাল কে ২০ হাজার টাকা, এভারগ্রিন টেক্সটাইল লিমিটেডকে ২ লক্ষ ৩৪ হাজার টাকা, মোহাম্মাদিয়া ক্যালেন্ডারিং মিলস লি: কে ১ লক্ষ ৫ হাজার টাকা, সেইফ এইড জেনারেল হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার লি: কে ২৫ হাজার টাকা; চাঁদপুর জেলার মেসার্স এস কে ব্রিকস ম্যানু: কে ১ লক্ষ ৮৯ হাজার, গাজীপুর জেলার জিন্স ওয়াশিং ইন্ডা লি: কে ১০ লক্ষ ২৬ হাজার ৪৮ টাকা, উইন্টার এস্ড সামারকে ২০ হাজার টাকা, ন্যাশনাল ডেভেলপমেন্ট ইঞ্জিনিয়ারিং লি: কে ২৫ হাজার টাকা, প্যানডোরা সোয়েটার্স লি:কে ২৫ হাজার ৬ শত টাকা; নওগাঁ জেলার মেসার্স এফ এস ব্রিকস ম্যানু: কে ২ লক্ষ, বলাকা ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক সেন্টারকে ২৫ হাজার টাকা, নিউ ন্যাশনাল ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক সেন্টারকে ২০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। ঢাকা মহানগরে মোবাইল কোর্ট পরিচালনা করে যানবাহনের কালো ধোঁয়া দ্বারা বায়ু দূষণের দায়ে ৫টি যানবাহন হতে মোট ৪ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। কুমিল্লা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ২টি অবৈধ ইটভাটা হতে মোট ৪ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ২ টি ইটভাটার কার্যক্রম বন্ধ করা হয়। নীলফামারী ও চাঁপাইনবাবগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিক্ত হর্ণ দ্বারা শব্দ দূষনের দায়ে ৪টি যানবাহন হতে মোট ৬ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৬টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়।





বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ক, ১৫(১) ধারা অনুযায়ী পরিবেশগত ছাড়পত্র ব্যতীত ব্যাটারী ভাঙ্গা বা আগুনে গলানো অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদন্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদন্ড বা উভয়দন্ড

**১২ মার্চ ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে ঢাকা জেলার আর এম সি হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক কমপ্লেক্স লি: কে ২৫ হাজার টাকা, ইউনিহেলথ স্পেশালাইজড হসপিটাল লিমিটেডকে ২৫ হাজার টাকা, আর রাহা হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক লি: কে ২৫ হাজার টাকা, আমার বাংলাদেশ হাসপাতালকে ২০ হাজার টাকা, আশিয়ান মেডিকেল কলেজ হাসপাতালকে ৫০ হাজার টাকা, উত্তরা লেক ভিউ স্পেশালাইজড হসপিটাল (প্রা:) লি: কে ২৫ হাজার টাকা, কেসি হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টারকে ১ লক্ষ টাকা, জিয়াংশু স্টোরেজ ব্যাটারি (বিডি) লিমিটেডকে ৭৮ হাজার টাকা, ফারাবী জেনারেল হাসপাতালকে ২৫ হাজার টাকা, বারিধারা জেনারেল হাসপাতালকে ৪০ হাজার টাকা, মেসার্স সরকার মেটাল ইঞ্জিনিয়ারিং লিমিটেডকে ৫০ হাজার টাকা, রেনেসা হাসপাতাল এন্ড রিসার্চ ইন্সটিটিউট লিমিটেডকে ৫০ হাজার টাকা, লাইফ কেয়ার মানসিক ও মাদকাসক্ত হাসপাতালকে ২৫ হাজার টাকা; নারায়ণগঞ্জ জেলার মিতা ফেব্রিকস লি: কে ৪ লক্ষ ৩ হাজার ২ শত টাকা, নূহা প্রোডাক্ট ওয়ার্কসকে ১০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। ঢাকা মহানগরে মোবাইল কোর্ট পরিচালনা করে যানবাহনের কালো ধোঁয়া দ্বারা বায়ু দূষণের দায়ে ৪টি যানবাহন হতে মোট ১০ হাজার ৮ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। ভোলা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ১টি অবৈধ ইটভাটা হতে ২ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ইটভাটার কার্যক্রম বন্ধ করা হয়। নেত্রকোনা ও চাঁপাইনবাবগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিক্ত হর্ণ দ্বারা শব্দ দূষনের দায়ে ৮টি যানবাহন হতে মোট ১০ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ১১টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়।





**১৩ মার্চ ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে ঢাকা জেলার এফ এ মেমোরিয়াল হাসপাতালকে ১০ হাজার টাকা, এসপিআরসি সেন্টার (প্রা:) লি: কে ৫০ হাজার টাকা, ইউরো বাংলা হার্ট হাসপাতাল লিমিটেডকে ৫০ হাজার টাকা, উইমেন্স এন্ড চিলড্রেন জেনারেল হাসপাতালকে ২৫ হাজার টাকা, ইস্টার্ন কেয়ার হসপিটাল লিমিটেডকে ৫০ হাজার টাকা, ক্রিসেন্ট গ্যাসট্রোলিভার জেনারেল হসপিটাল লিমিটেডকে ৫০ হাজার টাকা, জালাল উদ্দিন হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টারকে ১৫ হাজার টাকা, ঢাকা হেলথ কেয়ার হাসপাতালকে ৩০ হাজার টাকা, ডগমা হাসপাতাল লি: কে ১৫ হাজার টাকা, নিউ লাইফ হসপিটাল প্রাইভেট লিমিটেডকে ৭০ হাজার টাকা, প্যান কেয়ার হসপিটালকে ২৫ হাজার টাকা, যমুনা জেনারেল হাসপাতালকে ২০ হাজার টাকা, যাত্রাবাড়ী জেনারেল হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টারকে ১৫ হাজার টাকা, রয়্যাল মাল্টিস্পেশালিটি হাসপিটাল এন্ড ডায়াগনস্টিক সেন্টারকে ১৫ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। পরিবেশ দূষণের দায়ে ঢাকা মহানগরের রূপনগর এলাকার যমুনা ওয়াশিং প্যান্ট, পারসোনা ওয়াশিং ও শাহ আলী ওয়াশিং প্যান্ট নামক ৩টি কারখানার সেবা সংযোগ বিচ্ছিন্ন করা হয়। ভোলা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ৫টি অবৈধ ইটভাটা হতে মোট ৪ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৪টি ইটভাটার কার্যক্রম বন্ধ করা হয়। পঞ্চগড় জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিক্ত হর্ণ দ্বারা শব্দ দূষনের দায়ে ৪টি যানবাহন হতে মোট ৩ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৮টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়। ঝিনাইদহ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ১ টি সীসা ভাট্টি হতে ৫০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। ঢাকা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ১ টি টায়ার পাইরোলাইসিস কারখানা হতে ১ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬খ, ১৫(১) ধারা অনুযায়ীপলিথিন বিক্রয়, বিক্রয়ের জন্য প্রদর্শন, মজুদ, বিতরণ, বাণিজ্যিক উদ্দেশ্যে পরিবহন বা বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহার অপরাধের ক্ষেত্রে অনধিক ১ (এক) বৎসর কারাদণ্ড বা অনধিক ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড।




**১৪ মার্চ ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা ও পঞ্চগড় জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ু দূষণের দায়ে ৫টি প্রতিষ্ঠান হতে মোট ৯ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। ভোলা, ঢাকা, কুস্টিয়া ও নেত্রকোনা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ১০টি অবৈধ ইটভাটা হতে মোট ৩২ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৩টি ইটভাটার কার্যক্রম বন্ধ করা হয়।




**১৬ মার্চ ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের দিনাজপুর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ৩টি অবৈধ ইটভাটা হতে মোট ৫ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।




ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৪, ১৪ অনুযায়ী জেলা প্রশাসকের নিকট হতে লাইসেন্স ব্যতীত ইট প্রস্তুত বা ইটভাটা স্থাপন, পরিচালনা বা চালুর জন্যঅনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অন্যূন ২০ (বিশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড।

**১৮ মার্চ ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা ও ঢাকা মহানগর কার্যালয় কর্তৃক পরিবেশ দূষণের দায়ে ঢাকা মহানগরের ডেমরা এলাকার আলী নেওয়াজ টেক্সটাইল মিলস নামক কারখানার সেবা সংযোগ বিচ্ছিন্ন করা হয়।





**১৯ মার্চ ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে বগুড়া জেলার এস আর কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লি: কে ৫ লক্ষ টাকা; সিরাজগঞ্জ জেলার মেসার্স এন আমিন ট্রেডার্সকে ২ লক্ষ টাকা; কিশোরগঞ্জ জেলার মোহাম্মাদিয়া ইন্ডাস্ট্রিজ (প্রা:) কোম্পানীকে ১৫ হাজার টাকা; ঢাকা জেলার অনামিকা হসপিটাল এন্ড ডায়াগনস্টিক সেন্টারকে ২০ হাজার টাকা, ডলফিন হাসপাতাল এন্ড ইনফার্টিলিটি সেন্টারকে ২০ হাজার টাকা; শেরপুর জেলার প্যারাগন ফিড লিমিটেড (এগ্রো কম্পপেক্স) কে ২৫ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। ঢাকা মহানগরে মোবাইল কোর্ট পরিচালনা করে যানবাহনের কালো ধোঁয়া দ্বারা বায়ু দূষণের দায়ে ৪টি যানবাহন হতে মোট ৩ হাজার ৭ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। গাজীপুর, ঢাকা, রাজবাড়ি ও নীলফামারী জেলায় মোবাইল কোর্ট পরিচালনা করে ১৩টি অবৈধ ইটভাটা হতে মোট ২৭ লক্ষ ৬০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৪টি ইটভাটার কার্যক্রম বন্ধ করা হয়। নেত্রকোনা ও পাবনা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিক্ত হর্ণ দ্বারা শব্দ দূষনের দায়ে ৭টি যানবাহন হতে মোট ৫ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ১৪টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়। গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে জলাশয় ভরাটের মো: রাশেদ মিয়া হতে ২ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। নেত্রকোনা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ু দূষণের দায়ে ১টি প্রতিষ্ঠান হতে ৫ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।





ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এরধারা ৫, ১৫ অনুযায়ীকোন ব্যক্তি ইট প্রস্তুত করিবার উদ্দেশ্যে কৃষিজমি বা পাহাড় বা টিলা হইতে মাটি কাটিয়া বা সংগ্রহ করিয়া ইটের কাঁচামাল হিসাবে উহা ব্যবহার করলে অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দন্ড

**২০ মার্চ ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক ঢাকা মহানগরে মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ু দূষণের দায়ে ১টি প্রতিষ্ঠান হতে ৫ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। পাবনা, পঞ্চগড় ও বান্দরবান জেলায় মোবাইল কোর্ট পরিচালনা করে ১৭টি অবৈধ ইটভাটা হতে মোট ১৭ লক্ষ ৪০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। বরিশাল, গোপালগঞ্জ, শরীয়তপুর ও ফেনী জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিক্ত হর্ণ দ্বারা শব্দ দূষনের দায়ে ১৪টি যানবাহন হতে মোট ২০ হাজার ১ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৫টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়।




**২১ মার্চ ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা ও চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ু দূষণের দায়ে ৩টি প্রতিষ্ঠান হতে মোট ৩১ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। শরীয়তপুর, নরসিংদী, চাদপুর ও কুমিল্লা জেলায় মোবাইল কোর্ট পরিচালনা করে ৯টি অবৈধ ইটভাটা হতে মোট ৫ লক্ষ ৫০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৩টি ভাটার কার্যক্রম বন্ধ করা হয়। টাঙ্গাইল, ঢাকা, ময়মনসিংহ ও চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিক্ত হর্ণ দ্বারা শব্দ দূষনের দায়ে ১৫টি যানবাহন হতে মোট ২৮ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ২২টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়।




বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ (১), ১৫(১) ধারা অনুযায়ীস্বাস্থ্য হানিকর বা পরিবেশের জন্য ক্ষতিকর ধোঁয়া বা গ্যাস" অর্থ বিধি দ্বারা নির্ধারিত মান মাত্রা অতিক্রমকারী ধোঁয়া বা যে কোন গ্যাস নিঃসরণ বন্ধ করার লক্ষ্যে পরীক্ষা করার উদ্দেশ্য ব্যতীত অন্য কোনভাবে উক্ত যানবাহন চালুর অপরাধে অনধিক ৫ (পাঁচ) হাজার টাকা অর্থদণ্ড

**২৪ মার্চ ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক ঢাকা মহানগরের মোহাম্মদপুর এলাকায় মোবাইল কোর্ট পরিচালনা করে।

**২৫ মার্চ ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা ও খুলনা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ু দূষণের দায়ে ২টি প্রতিষ্ঠান হতে মোট ১২ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। খুলনা ও ঠাকুরগাঁও জেলায় মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিক্ত হর্ণ দ্বারা শব্দ দূষনের দায়ে ৬টি যানবাহন হতে মোট ৬ হাজার ৩ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ১১টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়। খুলনা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে যানবাহনের কালো ধোঁয়া দ্বারা বায়ু দূষণের দায়ে ১টি যানবাহন হতে ২ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। শরীয়তপুর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ বিক্রয় ও সরবরাহ করার দায়ে ১টি প্রতিষ্ঠান হতে ২ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ আনুমানিক ৪০ কেজি পলিথিন জব্দ করা হয়।





**২৭ মার্চ ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক ঢাকা মহানগরের খিলগাঁও এলাকায় মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ু দূষণের দায়ে ৩টি প্রতিষ্ঠান হতে মোট ২৩ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। নারায়ণগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক ১টি অবৈধ কারখানার সেবা সংযোগ বিচ্ছিন্ন করা হয়।





ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এরধারা ৫, ১৫ অনুযায়ীকোন ব্যক্তি ইট প্রস্তুত করিবার উদ্দেশ্যে কৃষিজমি বা পাহাড় বা টিলা হইতে মাটি কাটিয়া বা সংগ্রহ করিয়া ইটের কাঁচামাল হিসাবে উহা ব্যবহার করলে অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দন্ড

**২৮ মার্চ ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ু দূষণের দায়ে ২টি প্রতিষ্ঠান হতে মোট ২০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। মানিকগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ৫ টি ইটভাটা হতে মোট ২ লক্ষ ৫০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। গাইবান্ধা জেলায় মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিক্ত হর্ণ দ্বারা শব্দ দূষনের দায়ে ৮টি যানবাহন হতে মোট ৮ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৮টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়।





**৩১ মার্চ ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে গাজীপুর জেলার এ এন্ড এ সকস লিঃ কে ২০ হাজার টাকা, ইস্পাহানী এগ্রো লিমিটেডকে ২০ হাজার টাকা, ঢাকা সকস ম্যানুফ্যাকচারিং কোম্পানি লিঃ কে ২০ হাজার টাকা, নিউ এইচ আর মর্ডান ডায়াগনস্টিক সেন্টারকে ১৫ হাজার টাকা, মেসার্স সোহেল স মিলকে ১০ হাজার, ম্যাট্রিক স্টাইলস লিমিটেডকে ২০ হাজার টাকা; ঢাকা জেলার স্মার্ট ইনক ইন্ডাস্ট্রিজ লিঃ কে ২৫ হাজার টাকা, শমরিতা হাসপাতাল লিমিটেডকে ৩০ হাজার টাকা, নিউ কলাপাতা রেস্টুরেন্টকে ৫০ হাজার টাকা, ডা. সিরাজুল ইসলাম মেডিকেল কলেজ এন্ড হাসপাতাল লিঃ কে ৫০ হাজার টাকা, আহসানিয়া মিশন ক্যান্সার এন্ড জেনারেল হাসপাতালকে ৩০ হাজার টাকা, ওজিএসবি হাসপাতাল এন্ড আই রিসার্চ ইন্সটিটিউটকে ৫০ হাজার টাকা; শরীয়তপুর জেলার বাজু মোল্লা স মিলকে ১০ হাজার টাকা, বিসমিল্লাহ স মিলকে ১০ হাজার টাকা, বেপারি স মিলকে ১০ হাজার টাকা, মেসার্স হাজী ট্রিম্বারস এন্ড স মিলকে ১০ হাজার টাকা; টাঙ্গাইল জেলার মেডিকেল সার্ভিসেস লিঃ কে ১৫ হাজার টাকা; মুন্সীগঞ্জ জেলার মর্ডান ইসলামিয়া ডায়াগনস্টিক সেন্টারকে ১৫ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। ঢাকা মহানগরে মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ু দূষণের দায়ে ২টি প্রতিষ্ঠান হতে মোট ৩০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। খুলনা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ বিক্রয় ও সরবরাহ করার দায়ে ৬টি প্রতিষ্ঠান হতে মোট ৪ হাজার ২ শত ৫০ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ আনুমানিক ৪ কেজি পলিথিন জব্দ





বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ক, ১৫(১) ধারা অনুযায়ী পরিবেশগত ছাড়পত্র ব্যতীত ব্যাটারী ভাঙ্গা বা আগুনে গলানো অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদন্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদন্ড বা উভয়দন্ড













অথবা হর্ন আমাদের সন্তানদেরও বধির করছে













আপনার হর্ন আপনাকেই বধির করছে













আপনার হর্ন আপনাকেই বধির করছে


BANGLA NEWS 24


আমার সংবাদ
সারাবাংলা
ভ্রাম্যমাণ আদালতের ওপর হামলা আটক ৩
আমার সংবাদ


বিএসআরএম ফাস্টবিল্ড-এ
BSRM
BANGLA NEWS 24
চট্টগ্রাম প্রতিদিন
নিষিদ্ধ এলাকায় ইটভাটা, জরিমানা ২ লাখ টাকা
WALTON


bbarta24.net
কর্ণফুলীতে ছাড়পত্র না থাকায় ইটভাটাকে ২ লাখ টাকা জরিমানা

সুরক্ষিত খাবার, সুরক্ষিত জীবন
অযথা হর্ন বাজাবেন না













অযথা হর্ন বাজাবেন না

বাংলাদেশের সংবিধানের ১৮ক অনুচ্ছেদ মোতাবেক “রাষ্ট্র বর্তমান ও ভবিষ্যৎ নাগরিকদের জন্য পরিবেশ সংরক্ষণ ও উন্নয়ন করবে এবং জীববৈচিত্র্য, জলাভূমি, বন ও বন্যপ্রাণির নিরাপত্তা বিধান করবে”



**পরিবেশ অধিদপ্তর**

**পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়**